

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd
ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/

তারিখ: ২০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ
৩ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪৪ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪৪ তম সভা গত ২৭ ডিসেম্বর, ২০১৮ খ্রি: তারিখ, রোজ বৃহস্পতিবার অপরাহ্ন ১৩.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:


উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ৪৩ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে ওয়েবসাইট হালনাগাদ করা হবে এবং অনলাইন সেবা বক্সের আইকন যেমন ৩-ডি ভূতাত্ত্বিক মডেল, আগাম ভূমিধ্বস সতর্কীকরণ ব্যবস্থা বিষয়ে সংশ্লিষ্ট শাখা হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষে হালনাগাদ করা হবে এবং আপাতত রি-নেম করে অন্য আইকন সংযুক্ত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২. মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী প্রয়োজনীয় ১ দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার প্রশিক্ষণ ফেব্রুয়ারি, ২০১৯ মাসের শেষ সপ্তাহে আয়োজনের জন্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


(সাইদুল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮৩১২২১৬৮

E-mail: hossain747@gmail.com